



আগ্রাবাদ মহিলা কলেজ

রোড নং ১৭, সি.ডি.এ আ/এ, আগ্রাবাদ, চট্টগ্রাম

Email : amcchittagong@yahoo.com

Website : www.agrabadmohilacollege.edu.bd

College Code: HSC: 3026, Degree: 4309, EIIN No. 104303

২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে শিক্ষার্থী ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি (সংশোধিত)

কলেজে ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণিতে চূড়ান্তভাবে মনোনীত শিক্ষার্থীদেরকে নির্ধারিত সময়ের মধ্যে ভর্তি ফি প্রদান ও প্রয়োজনীয় কাগজপত্র জমা দিয়ে ভর্তি হওয়ার জন্য নির্দেশ দেয়া হলো। কোন শিক্ষার্থী নির্দিষ্ট সময়ের মধ্যে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন না করলে তার ভর্তির মনোনয়ন বাতিল হলে কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

ভর্তি ফি নিম্নলিখিত পদ্ধতি অনুসরণ করে আগামী ১৫/০৭/২০২৪খ্রিঃ হতে ২৪/০৭/২০২৪খ্রিঃ তারিখের মধ্যে Sonali Payment Gateway- এর মাধ্যমে প্রদান করতে হবে।

১ম ধাপ : কলেজ ওয়েবসাইট www.agrabadmohilacollege.edu.bd তে প্রবেশ করে HSC Online Admission Form : 2024-2025 লিংক এ ক্লিক করতে হবে।

২য় ধাপ : New Application Form পৃষ্ঠায় প্রদর্শিত Admission Roll এর স্থলে (6 Digit- এর SSC Roll) লিখে Submit বাটন ক্লিক করতে হবে। ক্লিক করার সাথে সাথেই Sonali Payment Gateway পৃষ্ঠা আসবে।

৩য় ধাপ : Sonali Payment Gateway পৃষ্ঠায় Sonali Bank/Cards/Mobile Banking (Sonali e-Wallet/ Visa/Master Card/American Express(Amex)Card/Bkash/Rocket/Nagad/OK Wallet/ Tap/Upay/ Nexus Card (DBBL)/Cellfin/Mcash) প্রদর্শিত হবে।

৪র্থ ধাপ : যেকোন একটি অপারেটর সিলেক্ট করে সংশ্লিষ্ট অপারেটরের নির্দেশিত প্রক্রিয়া অনুসরণ করে কলেজ ভর্তি ফি ৩,০০০/- এবং ১(এক) মাসের বেতন ৭০০/- সহ মোট ৩,৭০০/- (তিন হাজার সাতশত) টাকা পরিশোধ করতে হবে।

৫ম ধাপ : সোনালী ব্যাংক থেকে প্রদত্ত পেমেন্ট ভাউচার এবং কলেজ সফটওয়্যার থেকে প্রদত্ত পেমেন্ট ভাউচার উভয়ই প্রিন্ট ও সংরক্ষণ করতে হবে।

৬ষ্ঠ ধাপ : ভর্তি ফি পরিশোধের সাথে সাথে Application Form উইন্ডো/পৃষ্ঠা প্রদর্শিত হবে। ফর্মে উল্লেখিত তথ্যাবলি যথাযথভাবে পূরণ করে Submit Now বাটনে ক্লিক করতে হবে। পূরণকৃত ফরমটি A4 Size কাগজের উভয় পৃষ্ঠায় কালার প্রিন্ট করে অন্যান্য কাগজপত্রসহ উক্ত প্রিন্ট কপি নির্ধারিত তারিখে কলেজে জমা দিতে হবে।


ভর্তির প্রয়োজনীয় কাগজপত্র কলেজে জমাদানের সময়সূচি :

তারিখ ও বার	সময়	
১৫/০৭/২০২৪খ্রিঃ, সোমবার	সকাল ১০ টা হতে দুপুর ২ টা পর্যন্ত	
১৬/০৭/২০২৪খ্রিঃ, মঙ্গলবার	সকাল ১০ টা হতে দুপুর ২ টা পর্যন্ত	
১৮/০৭/২০২৪খ্রিঃ, বৃহস্পতিবার	সকাল ১০ টা হতে দুপুর ২ টা পর্যন্ত	
২১/০৭/২০২৪খ্রিঃ, রবিবার	দুপুর ১:৩০ টা হতে বেলা ৪:০০ টা পর্যন্ত	HSC পরীক্ষা চলবে বিধায় সকাল ১০ টা থেকে দুপুর ১ টা পর্যন্ত কেন্দ্রে প্রবেশ নিষেধ
২২/০৭/২০২৪খ্রিঃ, সোমবার	সকাল ১০ টা হতে দুপুর ২ টা পর্যন্ত	
২৩/০৭/২০২৪খ্রিঃ, মঙ্গলবার	দুপুর ১:৩০ টা হতে বেলা ৪:০০ টা পর্যন্ত	HSC পরীক্ষা চলবে বিধায় সকাল ১০ টা থেকে দুপুর ১ টা পর্যন্ত কেন্দ্রে প্রবেশ নিষেধ
২৪/০৭/২০২৪খ্রিঃ, বুধবার	সকাল ১০ টা হতে দুপুর ২ টা পর্যন্ত	
২৫/০৭/২০২৪খ্রিঃ, বৃহস্পতিবার	দুপুর ১:৩০ টা হতে বেলা ৪:০০ টা পর্যন্ত	HSC পরীক্ষা চলবে বিধায় সকাল ১০ টা থেকে দুপুর ১ টা পর্যন্ত কেন্দ্রে প্রবেশ নিষেধ

⊛ ভর্তির সময় যে সকল কাগজপত্র জমা দিতে হবে।

- কলেজ ওয়েবসাইটে পূরণকৃত ফরমের রঙ্গিন প্রিন্ট কপি ০২ টি (এক কপি নিজের কাছে রাখবে এবং এক কপি কলেজে জমা দিবে)। ফর্মের সাথে প্রিন্টকৃত সোনালী ব্যাংকের পেমেন্ট ভাউচার ৩,৭০০/- এবং ওয়েবসাইট থেকে ডাউনলোডকৃত ২ কপি পেমেন্ট রশিদ (একটি ৩,০০০/- ও একটি ৭০০/- টাকা) কলেজে জমা দিবে।
- এসএসসি পরীক্ষা-২০২৪ এর রেজাল্টের অনলাইন ফলাফলের (Subject Wise grade/Mark sheet) প্রিন্ট কপি জমা দিবে। বোর্ড হতে মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট প্রাপ্ত হলে তা সঙ্গে সঙ্গে কলেজে জমা দিতে হবে।
- এসএসসি পরীক্ষা-২০২৪ এর মূল প্রশংসাপত্র, মূল রেজিস্ট্রেশন কার্ড, মূল এডমিট কার্ড।
- প্রশংসাপত্রের ফটোকপি ০৩ সেট।
- সদ্য তোলা পাসপোর্ট সাইজের ৪ কপি রঙ্গিন ছবি সত্যায়িত ছাড়া (ছবির পেছনে নাম ও অনলাইন ফরমে পাওয়া শ্রেণি রোল নম্বর লিখতে হবে)।
- শিক্ষার্থীর অনলাইন জন্ম নিবন্ধনের ফটোকপি,
- পিতা-মাতার এনআইডি কার্ড/জন্ম নিবন্ধনের ফটোকপি,
- ২০২২ ও ২০২৩ সালের এসএসসি উত্তীর্ণ শিক্ষার্থীর ক্ষেত্রে পাঠ বিরতি সনদ (গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদেয়)। এক্ষেত্রে অতিরিক্ত ১৫০(একশত পঞ্চাশ) টাকা Sonali Payment Gateway- এর মাধ্যমে ভর্তি ফি ও বেতন প্রদানের সময় অতিরিক্ত প্রদান করতে হবে।

বিঃদ্রঃ মূল প্রশংসাপত্র, মূল রেজিস্ট্রেশন কার্ড, মূল এডমিট কার্ড এর ফটোকপি পরবর্তী প্রয়োজন মেটানোর জন্য নিজ দায়িত্বে বাসায় সংরক্ষণ করতে হবে।


(কৃষ্ণ কুমার দত্ত)

অধ্যক্ষ
আগ্রাবাদ মহিলা কলেজ,
চট্টগ্রাম
কৃষ্ণ কুমার দত্ত
অধ্যক্ষ
আগ্রাবাদ মহিলা কলেজ
চট্টগ্রাম।